

**উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা এর পরিবেশ ও বন কমিটির ডিসেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণীঃ**


সভাপতিঃ আফরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,  
উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা  
স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ  
তারিখঃ ১৭.১২.২০২১ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

**সভায় উপস্থিত বৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সভা পরিচালনার জন্য সদস্য সচিব, উপজেলা বন কর্মকর্তা জনাব মোঃ মঞ্জুলুল হাসানকে অনুরোধ জানান। উপজেলা বন কর্মকর্তা সকলকে ধন্যবাদ জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠকরে শুনান এবং কোন সংশোধনি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর তিনি সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান। অধ্যকার সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত হয়।

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	(২) গাছ লাগানো ও গাছের পরিচর্যা	উপজেলা বনকর্মকর্তা সভায় বলেন যে, কলমাকান্দা উপজেলাটি আয়তনে নেত্রকোণার মধ্যে সর্ববৃহত উপজেলা। কিন্তু সেঅনুপাতে বনায়ন নেই। তাই প্রতিটি ইউনিয়নে চেয়ারম্যান ও সদস্য গণ একটি করে গাছ লাগালে প্রচুর গাছ লাগানো হবে। উক্ত গাছ লাগানোর পর গাছের প্রয়োজনীয় যত্ন নেয়ার জন্য তিনি সংশ্লিষ্টদে অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে সকল জনপ্রতিনিধি প্রত্যেকে নিজ নিজ এলাকায় রাস্তায় বা নিজ বাড়িতে একটি করে গাছ লাগাতে হবে এবং উক্ত গাছের সঠিক যত্ন নিতে হবে।	সংশ্লিষ্ট সকল
০২	গাছের যত্ন।	সভাপতি বলেন যে, শুধু গাছ লাগালেই হবে না, গাছের যত্ন নেয়ার বিষয়ে বন কর্মকর্তার সহযোগিতা নিতে হবে। গাছের রক্ষণা-বেক্ষণ করতে হবে।	সভায় বিস্তারিত আলোচনান্তে প্রতিটি ইউনিয়নে প্রচুর পরিমাণে গাছ লাগাতে হবে এবং উপজেলা বন কর্মকর্তার পরামর্শ নিয়ে গাছের যত্ন নিতে হবে।	সংশ্লিষ্ট সকল

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



(আফরোজা বেগম)  
ভাইস চেয়ারম্যান(মহিলা)  
উপজেলা পরিষদ  
কলমাকান্দা, নেত্রকোণা

স্মারক নং- ৩২/কলমাকান্দা


সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

২। উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।

৩। অফিস কপি।

তারিখঃ ১৭.১২.২০২১।

  
(মোঃ মঞ্জুলুল হাসান)  
উপজেলা বন কর্মকর্তা  
কলমাকান্দা, নেত্রকোণা